

## সেকশন 504-এর অধীনে বৈষম্যহীনতার বিজ্ঞপ্তি

### নীতি সম্পর্কিত বিবৃতি

1973 সালের রিহাবিলিটেশন অ্যাক্ট (পুনর্বাসন আইন)-এর সেকশন 504 অনুসারে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE)-এর নীতি হচ্ছে, অন্য সব যোগ্যতা আছে কিন্তু প্রতিবন্ধী এমন কাউকে কেবলমাত্র তার প্রতিবন্ধিতার কারণে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন পৃষ্ঠপোষিত কোন কর্মসূচি বা কর্মকাণ্ডে অংশগ্রহণ থেকে বাদ দেয়া বা বিরত রাখা, সুবিধাবঞ্চিত করা বা বৈষম্য করা যাবে না। প্রতিবন্ধিতায়ুক্ত ব্যক্তিদের গোপনীয়তার অধিকারের প্রতি মর্যাদা দেওয়া হবে।

চ্যাসেলরের প্রবিধান [A-710](#) DOE-এর নীতি ও প্রক্রিয়াসমূহ প্রতিষ্ঠা করে, এতে অন্তর্ভুক্ত DOE-এর স্কুল ও প্রোগ্রামে অংশগ্রহণকারী যেসব শিক্ষার্থী সেকশন 504-এ প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী যোগ্যতাসম্পন্ন প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী এবং যাদের DOE প্রোগ্রাম ও কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য বিশেষ ব্যবস্থার প্রয়োজন আছে, তাদের অভিযোগ করার প্রক্রিয়া। একটি DOE প্রোগ্রাম বা কর্মকাণ্ড, কিংবা DOE-বহির্ভূত এমন কোনও পাঠ্যক্রম কর্মসূচিতে একজন DOE শিক্ষার্থীর অংশগ্রহণের সুযোগ সম্পর্কে কোনও প্রশ্ন কিংবা উদ্বেগ থাকলে স্কুলের 504 অর্ডিনেটর, প্রিন্সিপাল, হেলথ ডিরেক্টর-এর সাথে যোগাযোগ করুন অথবা [504Questions@schools.nyc.gov](mailto:504Questions@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

চ্যাসেলরের প্রবিধান [A-830](#) DOE-এর বৈষম্য-বিরোধী নীতি ও পদ্ধতি প্রতিষ্ঠা করে, যার অন্তর্ভুক্ত আছে কর্মচারী, শিক্ষার্থীদের পিতামাতা, শিক্ষার্থী এবং অন্য যারা DOE-এর সাথে ব্যবসা করে, যারা DOE-এর সুযোগসুবিধা ব্যবহার করে বা অন্য কোনোভাবে DOE-এর সাথে সম্পর্কিত, তাদের অভিযোগ প্রক্রিয়া।

সেকশন 504 শিক্ষার্থী অধিকার ও প্রক্রিয়া সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করুন:

শিক্ষার্থী ও পিতামাতাদের জন্য:

Section 504 Program Manager  
Office of School Health  
52 Chambers Street  
New York, NY 10007  
(212) 287-0354  
[504Questions@schools.nyc.gov](mailto:504Questions@schools.nyc.gov)

বাহ্যিক তথ্য-উপকরণ:

U.S. Department of Education  
Office for Civil Rights  
32 Old Slip, 26th Floor  
New York, NY 10005-2500  
(646) 428-3900  
<http://www.ed.gov/>

সংশোধিত মার্চ 2025